# বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২

পোঃ- ক্যাডেট কলেজ, বরিশাল।

## "গ্রাহক সেবা নির্দেশিকা"

(সিটিজেন চার্টার)

### নতুন সংযোগ গ্রহন

ওয়েবসাইটের মাধ্যমে (অন লাইনে) নতুন সংযোগের আবেদন করতে হবে। (Web Adderess: - pbs2.barisal.gov.bd)

আবেদন অনুমোদন লাভের পর আপনাকে ডিমান্ড নোট ও প্রাক্কলন ইস্যু করা হবে। কোন মাধ্যম/দালাল ব্যতিত সরাসরি অফিসে যোগাযোগ করতে হবে। বিনা রশিদে কাহাকেও কোন অর্থ/টাকা প্রদান প্রয়োজন নাই। সমিতির ক্যাশ শাখায় ডিমান্ড নোটের উল্লেখিত টাকা জমা প্রদান করলে প্রযোজ্য ক্ষেত্রে ০৭ দিনে আবাসিক এবং ২৮ দিনে শিল্প শ্রেনীর গ্রাহকের আঙ্গিনায় মিটার ও সংযোগের ব্যবস্থা করা হবে। ভিলেজ ইলেকট্রিশিয়ান সমিতির কর্মচারী নয়। ভিলেজ ইলেকট্রিশিয়ান সংশ্লিষ্ট গ্রাহকের নিকট থেকে ঘর ওয়্যারিং এর জন্য নির্ধারিত মজুরী পাবেন। মানসম্মত মালামাল নিজ দায়িত্বে গ্রাহককে নিজে ক্রয় করতে হবে। পরবর্তী মাসের বিলিং সাইকেল অনুযায়ী গ্রাহকের প্রথম মাসের বিল জারী করা হবে।

### নতুন সংযোগের জন্য দলিলাদি

আবাসিক, বানিজ্যিক নতুন সংযোগের জন্য আবেদনপত্রের সাথে নিন্মোক্ত দলিলাদি দাখিল করতে হবে ঃ

◆ আবেদনকারীর স্বাক্ষর সম্বলিত যথাযথভাবে পূরণকৃত ২ কপি ছবিসহ (সত্যায়িত) আবেদনপত্র (মোবাইল নম্বর সহ)।

◆ জমির দলিল অথবা পর্চা অথবা নামজারীর কাগজ অথবা ভাড়ার চুক্তিপত্র অথবা পাওয়ার অফ এ্যাটর্নি এর সত্যায়িত কপি।

অন্যান্য নতুন সংযোগের জন্য উপরোক্ত দলিল পত্র ছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে নিম্নবর্নিত দলিলপত্র প্রয়োজন হবে।

◆ পূর্বে কোন স্থায়ী অথবা অস্থায়ী সংযোগ থাকলে সর্বশেষ পরিশোধিত বিলের ফটোকপি।

◆ মালিকানা দলিলের সত্যায়িত কপি।

◆ জমির/বাড়ীর দলিল অথবা দাগ নম্বর, খতিয়ান নম্বর।

◆ লোড চাহিদার পরিমান।

◆ জমি / ভবনের ভাড়ার ( যদি প্রযোজ্য হয় ) দলিল।

◆ ভাড়ার ক্ষেত্রে মালিকের সম্মতি পত্রের দলিল।

◆ পূর্বের কোন সংযোগ থাকলে ঐ সংযোগের বিবরণ ও সর্বশেষ পরিশোধিত বিলের কপি।

◆ দক্ষ গ্রাম বিদ্যুৎবিদ কর্তৃক প্রদত্ত ওয়্যারিং সার্টিফিকেট।

◆ ট্রেড লাইসেন্স / শিল্প নিবন্ধন সার্টিফিকেট এর সত্যায়িত কপি। (প্রযোজ্য ক্ষেত্রে)।

◆ লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে **সার্টিফিকেট অব ইনকর্পোরেশন ও মেমোরেন্ডাম অব আর্টিক্যাল্স** এর সত্যায়িত কপি।

◆ শিল্পের ক্ষেত্রে সার্ভিস ড্রপ লাইন এর দৈর্ঘ্য ১০০ ফুটের বেশী হবে না।
দুরত্ব ১০০ ফুটের বেশী হইলে লাইন নির্মান ব্যয় প্রযোজ্য হইবে।

◆ পাওয়ার ফ্যাক্টর ইমপ্রুভমেন্ট প্লান্ট স্থাপন (শিল্পের ক্ষেত্রে)।

◆ সার্ভিস ড্রপ লাইন এর দৈর্ঘ্য ১৩০ ফুটের বেশী হবে না (আবাসিক, বানিজ্যিক ও সিআই সংযোগের ক্ষেত্রে)।

◆ বহুতল আবাসিক / বানিজ্যিক ভবন নির্মাতা ও মালিকের সাথে ফ্ল্যাট মালিকের চুক্তিনামার (সত্যায়িত কপি)।

৫০ কিঃ ওঃ এর উর্ধ্বে সংযোগের জন্য গ্রাহককে আরও যে দলিলাদি দাখিল করতে হবে ঃ -

◆ উপকেন্দ্রে স্থাপিত সব যন্ত্রপাতির স্পেসিফিকেশন ও টেষ্ট রেজাল্ট এবং বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর থেকে প্রদত্ত উপকেন্দ্র সংক্রান্ত ছাড়পত্র।

শিল্প-কারখানা ও ৬ তলার অধিক ভবনে সংযোগের জন্য গ্রাহককে আরও যে দলিলাদি দাখিল করতে হবে ঃ -

◆ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর ছাড়পত্রের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

◆ স-মিলের ক্ষেত্রে বনবিভাগেরর ছাড়পত্রের কপি।

**বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ এড়াতে**
**যথাসময়ে বিদ্যুৎ বিল পরিশোধ করুন।**

## নতুন সংযোগের জন্য আবেদন ফি

| গ্রাহক শ্রেনি/প্রযোজ্যতা | | |
|---|---|---|
| এলটি | ক) এক ফেজ | ১০০.০০ টাকা<br>(১ কি: ও: পর্যন্ত ৪০০ টাকা |
| | খ) তিন ফেজ | ৩০০.০০ টাকা |
| এমটি এবং এইচটি | | ১০০০.০০ টাকা |
| ইএইচটি | | ২০০০.০০ টাকা |
| অস্থায়ী সংযোগ | ক) এক ফেজ | ১০০.০০ টাকা |
| | খ) তিন ফেজ | ৩০০.০০ টাকা |
| | এমটি | ১০০০.০০ টাকা |
| লোড বৃদ্ধির জন্য | **০-১০ কিঃওঃ** | ১০০০.০০ টাকা |
| | **১১-৪৫ কিঃ ওঃ** | ২০০০.০০ টাকা |
| | **৪৬ থেকে তদুর্ধ কিঃওঃ** | ৫০০০.০০ টাকা |

## নতুন সংযোগের জন্য জামানতের পরিমান

| গ্রাহক শ্রেনি/প্রযোজ্যতা | | |
|---|---|---|
| গ্রাহক শ্রেণি | অনুমোদিত লোড সীমা (কিঃওঃ) | জামানতের হার (টাকা/কিঃওঃ |
| এলটি-এ এবং এলটি-বি | ২ কিঃওঃ পর্যন্ত | ১০০.০০ টাকা |
| এলটি-এ এবং এলটি-বি | ২ কিঃওঃ এর উর্দ্ধে | ৩০০.০০ টাকা |
| এলটি-সি১, এলটি-সি২, এলটি-ডি১, এলটি ডি-২ এলটি-ই এবং এলটি-টি | সকল | ১০০০.০০ টাকা |
| এমটি, এইচটি, ইএইচটি | সকল | ২০০০.০০ টাকা |

নোটঃ যে কোন ধরনের সরকারী প্রতিষ্ঠান হতে লীজ গ্রহণকৃত জমিতে স্থাপিত স্থাপনায় সংযোগ প্রদানের ক্ষেত্রে গ্রাহককে নিয়মানুযায়ী গ্যারান্টি ডিপোজিটের অতিরিক্ত হিসেবে প্রতি কিলোওয়াট বা অংশ বিশেষ লোড এর জন্য ১০০০.০০ (এক হাজার) টাকা করে অতিরিক্ত গ্যারান্টি ডিপোজিট প্রদান করতে হবে। তবে ব্যক্তিগত জমি লীজ গ্রহণের মাধ্যমে সংযোগের ক্ষেত্রে এর পরিমান হবে প্রতি কিলোওয়াট বা অংশ বিশেষ লোডের জন্য ৫০০.০০ (পাঁচশত) টাকা। সকল ক্ষেত্রে অনুমোদিত লোডের উপরে আলোচ্য ডিপোজিট আদায়যোগ্য হবে।

## অস্থায়ী বিদ্যুৎ সংযোগ

সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠান, মেলা এবং নির্মাণ কাজের নিমিত্ত স্বল্পকালীন সময়ের জন্য বিদ্যুৎ সংযোগ গ্রহণ করতে পারবেন। সেক্ষেত্রে ২৩০/৪০০ ভোল্ট বিদ্যুৎ সরবরাহের জন্য এলটি অস্থায়ী হারে বিল প্রযোজ্য হবে। অস্থায়ী সংযোগের ক্ষেত্রে প্রয়োজনীয় সময়ের জন্য দৈনিক ৮(আট) ঘন্টা বিদ্যুৎ ব্যবহারের ভিত্তিতে প্রাক্কলিত অগ্রিম বিদ্যুৎ বিল, প্রয়োজনীয় মালামালের ১১০% হারে মূল্য, ট্রান্সফরমার ভাড়া জমা দিলে পরবর্তী ৭(সাত) দিনের মধ্যে অথবা গ্রাহকের চাহিদার দিন থেকে অস্থায়ী সংযোগ দেয়া হবে। গ্রাহকের জমা অর্থ মাসিক বিদ্যুৎ বিলের সাথে সমন্বয় করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে ভাল মালামালের ১০০% মূল্য ফেরৎ প্রদান করা হবে।

**বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ এড়াতে**
**যথাসময়ে বিদ্যুৎ বিল পরিশোধ করুন।**
**"হয়রানি মুক্ত বিদ্যুতের অঙ্গীকার"**

## লোড পরিবর্তন

- লোড পরিবর্তন বাবদ সমীক্ষা ফিসহ বিল বকেয়া থাকলে পরিশোধ করতে হবে।
- লোড বৃদ্ধির জন্য প্রযোজ্য অনুযায়ী কিলোওয়াট/ হর্সপাওয়ার প্রতি বিদ্যমান হারে জামানত প্রদান করতে হবে।
- অতিরিক্ত লোডের জন্য সার্ভিস তার / মিটার বদলানোর প্রয়োজন হলে উক্ত ব্যয় গ্রাহককে বহন করতে হবে।
- প্রাক্কলন ও জামানতের অর্থ জমা দানের ৭(সাত) দিনের মধ্যে লোড বৃদ্ধি কার্যকর করা হবে। যদি লোড বৃদ্ধি করা সম্ভবপর না হয় তবে তার কারন জানিয়ে গ্রাহককে একটি পত্র দেয়া হবে।

## গ্রাহকের নাম পরিবর্তন পদ্ধতি

গ্রাহক ক্রয়সূত্রে / ওয়ারিশসূত্রে / লিজসূত্রে জায়গা বা প্রতিষ্ঠানের মালিক হলে সকল দলিলের সত্যায়িত ফটোকপি ও সর্বশেষ পরিশোধিত বিলের কপিসহ নির্ধারিত ফি জমা করে আবেদন করতে হবে। সরেজমিন তদন্ত করে নাম পরিবর্তনের জন্য বিদ্যমান হারে জামানত প্রদান করতে হবে। গ্রাহক জামানত প্রদানের ৭(সাত) দিনের মধ্যে নাম পরিবর্তন কার্যকর করা হবে।

## বিদ্যুৎ বিভ্রাটের অভিযোগ

অত্র পল্লী বিদ্যুৎ সমিতির সংশ্লিষ্ট এলাকার নির্দিষ্ট "অভিযোগ কেন্দ্র আপনার বিদ্যুৎ বিভ্রাটের অভিযোগ জানানো হলে আপনাকে অভিযোগ নম্বর ও নিষ্পত্তির সম্ভাব্য সময় জানিয়ে দেয়া হবে। অভিযোগ নম্বরের ক্রমানুসারে আপনার বিদ্যুৎ বিভ্রাট দূরীভূত/ নিষ্পত্তির ব্যবস্থা নেয়া হবে। কোন কোন ক্ষেত্রে যদি নির্ধারিত সময়ে বিদ্যুৎ বিভ্রাট দূরীভূত করা সম্ভব না হয়, তার কারন গ্রাহককে অবহিত করা হবে।

## গ্রাহকের জ্ঞাতব্য বিষয়

♦ সান্ধ্যকালীন পিক-আওয়ারে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন। আপনার সাশ্রয়কৃত বিদ্যুৎ অন্যকে আলো জ্বালাতে সহায়তা করবে।

♦ সংযোগ বিচ্ছিন্ন এড়াতে নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করুন এবং বিলম্ব মাশুল পরিশোধের ঝামেলা থেকে মুক্ত থাকুন।

♦ বিদ্যুৎ বিল সাশ্রয়কল্পে মানসম্মত এনার্জি সেভিং বাল্ব (CFL/ LED) ও বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহার করুন।

♦ টিউব লাইটে Electronic Ballast ব্যবহার করে বিদ্যুৎ সাশ্রয় করন।

♦ বিদ্যুৎ মূল্যবান জাতীয় সম্পদ। দেশের বৃহত্তর স্বার্থে এ সম্পদের সুষ্ঠু ও পরিমিত ব্যবহারে ভুমিকা রাখুন।

♦ আবাসিক গ্রাহকের ক্ষেত্রে বৎসরান্তে পবিস হতে বিদ্যুৎ বিল পরিশোধের প্রত্যয়নপত্র প্রদান করা হয়ে থাকে।

♦ মিটার রক্ষনাবেক্ষণের দায়িত্ব আপনার। এর সঠিক সুষ্ঠু অবস্থা ও সীল সমূহের নিরাপত্তা নিশ্চিত করুন।

♦ লোড শেডিং সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট এলাকার আওতাধীন অভিযোগ কেন্দ্র থেকে জানা যাবে।

♦ বিদ্যুৎ চুরি ও এর অবৈধ ব্যবহার থেকে নিজে বিরত থাকুন ও অন্যকে নিবৃত করুন। **বিদ্যুৎ চুরি ও এর অবৈধ ব্যবহার** রোধে আপনার জ্ঞাত তথ্য "এক অবস্থান সেবা / অভিযোগ কেন্দ্র" এ অবহিত করে সহযোগিতা করা আপনার দায়িত্ব।

♦ একটি সংঘবদ্ধ অসাধু চক্র চালু লাইন হতে ট্রান্সফরমার / বৈদ্যুতিক যন্ত্রপাতি / তার চুরির করতে পারে। সুতরাং আপনার এলাকার উপরিউক্ত চুরি রোধে তথ্য দিয়ে সহযোগিতা করুন।

বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ এড়াতে
যথাসময়ে বিদ্যুৎ বিল পরিশোধ করুন।
"হয়রানি মুক্ত বিদ্যুতের অঙ্গীকার"

## অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার, মিটারে হস্তক্ষেপ, বাইপাস, বিনা অনুমতিতে সংযোগ গ্রহন ইত্যাদি ক্ষেত্রে আইনগত ব্যবস্থা

বিদ্যুৎ আইনের [ Electricity Act, 2018 & As Amended "The Electricity Amendment Act, 2018 " ] ৩৯ ধারা অনুসারে এ ক্ষেত্রে ন্যূনতম ১ বছর হতে ১০ বছর পর্যন্ত জেল এবং ৫০ হাজার টাকা জরিমানার বিধান রয়েছে। এ ছাড়াও বিভিন্ন মেয়াদের কারাদন্ড/অর্থদন্ড সহ উক্ত বিদ্যুৎ ব্যবহারের দ্বারা যদি বিদ্যুৎ সরবরাহ সংস্থার বৈদ্যুতিক সরঞ্জাম, মিটার, মিটারিং ইউনিট ইত্যাদি ক্ষতিগ্রস্থ হয়, তবে ক্ষতিগ্রস্থ বৈদ্যুতিক সরঞ্জাম, মিটার, মিটারিং ইউনিট ইত্যাদি পূনরায় সচল করা গেলে মেরামত খরচ অথবা সম্পূর্ন ধ্বংসপ্রাপ্ত বা পূনরায় সচল করা যাবে না এরুপ সরঞ্জামের জন্য পুনঃ স্থাপনের ব্যয়সহ প্রকৃত মূল্য আদায় করা হবে।

## শ্রেনি ভিত্তিক বিদ্যমান বিদ্যুতের মূল্যহার

| ক্রমিক নং | গ্রাহক শ্রেনি | প্রতি ইউনিট মূল্য (টাকায়) |
|---|---|---|
| ০১। | এলটি-এ ঃ আবাসিক (বি) | |
| | (ক) লাইফ লাইন ০০-৫০ ইউনিট | ৩.৮৭ |
| | (খ) প্রথম ধাপ ঃ ০০ হতে ০৭৫ ইউনিট | ৪.০০ |
| | (গ) দ্বিতীয় ধাপ ঃ ৭৬ হতে ২০০ ইউনিট | ৫.৪৫ |
| | (ঘ) তৃতীয় ধাপ ঃ ২০১ হতে ৩০০ ইউনিট | ৫.৭০ |
| | (ঙ) চতুর্থ ধাপ ঃ ৩০১ হতে ৪০০ ইউনিট | ৬.০২ |
| | (চ) পঞ্চম ধাপ ঃ ৪০১ হতে ৬০০ ইউনিট | ৯.৩০ |
| | (ছ) ষষ্ঠ ধাপ ঃ ৬০০ ইউনিটের উর্দ্ধে | ১০.৭০ |
| ০২। | এলটি-বি ঃ কৃষি কাজে ব্যবহৃত পাম্প | ৪.০০ |
| ০৩। | এলটি-সি১ ঃ ক্ষুদ্র শিল্প (ফ্ল্যাট রেট) | ৮.২০ |
| ০৪। | এলটি-সি২ ঃ নির্মান (সাময়িক) | ১২.০০ |
| | এলটি-ডি১ ঃ দাতব্য প্রতিষ্ঠান (সি আই) | ৫.৭৩ |
| ০৫। | এলটি-ডি২ ঃ রাস্তার বাতি, পানিরপাম্প ও ব্যাটারী চার্জিং ষ্টেশন | ৭.৭০ |
| ০৬। | এলটি- ই ঃ বানিজ্যিক ও অফিস | ১০.৩০ |
| ০৭। | এলটি- টি ঃ অস্থায়ী | ১৬.০০ |

* পিক সময় ঃ বিকাল ৫ টা থেকে রাত **১১** টা পর্যন্ত

* অফ-পিক সময়ঃ রাত **১১** টা থেকে পরদিন বিকাল ৫ টা পর্যন্ত

উপর্যুক্ত বিদ্যুতের মূল্যহারের সাথে ডিমান্ড চার্জ, মিটার ভাড়া ও অন্যান্য শর্তাবলীসহ মূল্য সংযোজন কর বিলম্ব ফি ইত্যাদি যথারীতি প্রযোজ্য হবে। বিদ্যুতের মূল্যহার সরকার কর্তৃক অনুমোদিত এবং পরিবর্তনযোগ্য।

### বিল সংক্রান্ত অভিযোগ

বিল সংক্রান্ত যে কোন অভিযোগ যেমনঃ চলতি মাসের বিল পাওয়া যায়নি, বকেয়া বিল, অতিরিক্ত বিল ইত্যাদির জন্য "এক অবস্থান সেবা" পয়েন্ট এ যোগাযোগ করলে তা দ্রুত নিষ্পত্তি করা হবে। অন্যথায়, একটি নিবন্ধন নম্বর দিয়ে পরবর্তী যোগাযোগের সময় জানিয়ে দেয়া হবে এবং পরবর্তী ৭ (সাত) দিনের মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা নেয়া হবে।

বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ এড়াতে
যথাসময়ে বিদ্যুৎ বিল পরিশোধ করুন।
**"হয়রানি মুক্ত বিদ্যুতের অঙ্গীকার"**

## বিল পরিশোধ

সমিতির সদর দপ্তর, বিলিং এরিয়া অফিস, জোনাল অফিসের ক্যাশ শাখায়/ নির্ধারিত ব্যাংকে গ্রাহক বিল পরিশোধ করতে পারবেন। এছাড়াও মোবাইলে এসএমএস (টেলিটক রিটেইলার) এর মাধ্যমে অনলাইনে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারবেন।

## পাওয়ার ফ্যাক্টর

২০ কি: ও: এর উর্ধ্বে লোডের ক্ষেত্রে পাওয়ার ফ্যাক্টর কমপক্ষে ৯৫% এর কম হলে বিলে পাওয়ার ফ্যাক্টর সারচার্জ প্রযোজ্য হবে।

২০ কি: ও: বা তার নিম্ন লোডের ক্ষেত্রে পাওয়ার ফ্যাক্টর ৯৫% নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সাইজের ক্যাপাসিটর গ্রাহক অবশ্যই স্থাপন করবেন। অন্যথায় আপনার সংযোগ বিচ্ছিন্ন করা হবে।

## বিল পরিশোধ

সমিতির সদর দপ্তর, বিলিং এরিয়া অফিস, জোনাল অফিসের ক্যাশ শাখায়/ নির্ধারিত ব্যাংকে গ্রাহক বিল পরিশোধ করতে পারবেন। এছাড়াও মোবাইলে এসএমএস (টেলিটক রিটেইলার) এর মাধ্যমে অনলাইনে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারবেন।

## খেলাপি গ্রাহক ঃ

খেলাপি গ্রাহকগণের সারা বছর সংযোগ বিচ্ছিন্ন করণের অভিযান চলমান। বিচ্ছিন্ন অভিযান কালে স্পটে কোন অর্থ/বিদ্যুৎ বিল গ্রহন করা হবে না। বকেয়ার কারণে ও কোন প্রকার অনিয়মের কারণে যে কোন সময় আপনার সংযোগ বিচ্ছিন্ন করা হতে পারে।

বিদ্যুৎ বিল বকেয়ার কারণে সংযোগ বিচ্ছিন্ন হলে পূনঃ সংযোগের জন্য এক ফেজ ১২০০.০০ টাকা এবং তিনফেজ সর্বনিম্ন ৩০০০.০০ টাকা পরিশোধ করতে হবে।

**অবৈধ বিদ্যুৎ ব্যবহার থেকে বিরত থাকুন।**
**বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ কে স্বনির্ভর হিসাবে গড়ে তুলুন।**
**"হয়রানি মুক্ত বিদ্যুতের অঙ্গীকার"**